গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
ডাকঘর : চকবাজার (৪২০৩),থানা : চকবাজার, জেলা : চট্টগ্রাম, ফোন : ০১৩০৯-১০৪৫৩২, ০১৮২৪-৬১৩২৭১।
College code : 3000, EINN : 104532 ,Web : ctgcollege.gov.bd , E-mail: ctgcollege@yahoo.com

তারিখ: ১৯.০২.২০২৬খ্রি:

## ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক প্রাইভেট রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি:

চট্টগ্রাম কলেজ কেন্দ্র হতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম-এর অধীন ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের নিকট হতে অধ্যক্ষ বরাবর কলেজ নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আগামী **১৯.০২.২০২৬** তারিখ থেকে **২৩.০২.২০২৬** তারিখ পর্যন্ত আহবান করা যাচ্ছে। কলেজ নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। আবেদনের নিয়মাবলী ও সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাদির বিবরণ নিম্নে উল্লেখ করা হলো:

**আবেদনের নিয়মাবলী :**

**(ক).** প্রাইভেট শিক্ষার্থীগণ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষা পাশের কমপক্ষে ০৩(তিন) বৎসর অতিবাহিত হওয়ার পর তৃতীয় বৎসর হতে অর্থাৎ ২০২১ সাল এবং তৎপূর্বে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীগণই শুধুমাত্র প্রাইভেট রেজিস্ট্রেশনের মাধ্যমে ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**(খ).** প্রাইভেট পরীক্ষার্থীদের ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার পুন:বিন্যাসকৃত পাঠ্যসূচি ও মানবন্টন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**(গ).** প্রাইভেট পরীক্ষার্থীদের মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। তবে,শিক্ষক,পুলিশ,প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও অন্ধদের মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না। শিক্ষার্থী পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীতে অথবা কোন প্রতিষ্ঠানে কর্মরতদের কমপক্ষে ০১ বৎসর যাবত সক্রিয়ভাবে চাকুরীতে আছেন, মর্মে স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সীল ও স্বাক্ষর যুক্ত প্রত্যয়নপত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

**(ঘ).** সকল প্রকার প্রাইভেট শিক্ষার্থীগণ শুধুমাত্র মানবিক শাখায় রেজিস্ট্রেশন করতে পারবে এবং জিপিএ-৪.০০ হতে হবে। তবে, যে সকল বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে, সে সকল বিষয় নেওয়া যাবে না।

**(ঙ).**বাংলাদেশের আওতাধীন যে কোন সরকারি কলেজের অধ্যক্ষ অথবা গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র,আচরন - প্রার্থীত পরীক্ষার অন্তত:পক্ষে ০২ বৎসর পূর্ণ হওয়া পর্যন্ত কোন অনুমোদিত কলেজের শিক্ষার্থী ছিল না মর্মে এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিঃস্কার হয়নি অথবা হয়ে থাকলে,উহার মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। কোন রূপ ভুল তথ্য বা সংশ্লিষ্ট কাগজপত্র অশুদ্ধ হিসেবে প্রমাণিত/পরিলক্ষিত হলে তার রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হবে না । সুতরাং,আইনগত ব্যবস্থা নেওয়া হবে। মিথ্যা/ভুল তথ্য প্রদানের কারণে কোন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন না হলে কলেজ কর্তৃপক্ষ কোনভাবে দায়ি থাকবে না।

**(চ).** প্রাইভেট পরীক্ষার্থীদের আবশ্যিক বিষয় ৩টি এবং নৈর্বাচনিক বিষয় হিসেবে ৩টি, মোট ৬টি বিষয়ে রেজিস্ট্রেশন করতে পারবে। অতিরিক্ত বা ৪র্থ বিষয় নেওয়া যাবে না।

**বিষয়ের বিবরণ:**

**ক). আবশ্যিক বিষয় সমূহ: (৩টি)**

১। বাংলা (১০১, ১০২) - ২পত্র
২। ইংরেজী (১০৭, ১০৮) - ২পত্র
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫) - ১পত্র

**খ). নৈর্বাচনিক ভিষয় সমূহ: ( যে কোন ৩টি বিষয় নির্বাচন করতে পারবে )**

১। অর্থনীতি (১০৯, ১১০) - ২পত্র
২। পৌরনীতি (২৬৯, ২৭০) - ২পত্র
৩। সমাজ বিজ্ঞান(১১৭, ১১৮) - ২পত্র
৪। ইতিহাস (৩০৪, ৩০৫) - ২পত্র
৫। যুক্তিবিদ্যা (১২১, ১২২) - ২পত্র
৬। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২৬৭, ২৬৮) -২পত্র

**(ছ). ফি' র - বিবরণ :** প্রাইভেট পরীক্ষার্থী যাদের মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে, তাদের বোর্ড রেজিস্ট্রেশন ফি সহ ৭৫০.০০(সাতশত পঞ্চাশ) টাকা এবং যাদের মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না (সামরিক ও আধা-সামরিক বাহিনীতে কর্মরত)।তাদের ক্ষেত্রে ২৫০.০০(দুইশত পঞ্চাশ) টাকা কলেজের ক্যাশ শাখা হতে রসিদ সংগ্রহ করে পূবালী ব্যাংক, কলেজ রোড শাখায় জমা দিতে হবে। মূল্যায়ন পরীক্ষার রুটিন কলেজ নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

**(জ).** প্রাইভেট পরীক্ষার্থীদেরকে রেজিস্ট্রেশনের সময় নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে:

১। কলেজ নির্ধারিত আবেদন ফরম।
২। এস.এস.সি পরীক্ষা পাশের মূল নম্বর ফর্দ/মার্কসীটের সত্যায়িত ফটোকপি- ২ সেট।
৩। এস.এস.সি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ও মূল প্রবেশ পত্রের সত্যায়িত ফটোকপি- ২ সেট।
৪। একখানা চারিত্রিক সনদ ও একখানা পাঠ বিরতি সনদ।।
৫। পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ২কপি ।
৬। ফি' জমাদানের রসিদ।
৭। ১০-১২ ইঞ্চি সাইজের খাম - ১টি।
৮। প্রাইভেট রেজিস্ট্রেশণের ক্ষেত্রে, যারা কোন প্রতিষ্ঠানে কর্মরত/প্রশিক্ষণরত আছেন এই মর্মে ,তারা অবশ্যই উক্ত প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের (পুলিশ সুপার/কমান্ডিং অফিসার/অফিসারের) অনুমতিপত্র বা প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

**(ঞ).** যে সকল শিক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে /আগে এস.এস.সি- পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাদের মূল নম্বর ফর্দ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং মূল নম্বরফর্দের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক (Verified and found correct) লেখা থাকতে হবে। কারিগরি ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।

**(ট).** উচ্চ মাধ্যমিক প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন ফরম ও সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্রাদি জমাদানের তারিখ:, সময় ও স্থান নিম্নে "ছক" আকারে উল্লেখ করা হল:

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| **১৯.০২.২০২৬ থেকে ২৩.০২.২০২৬** | **সকাল - ১০.০০টা - ০৩.০০টা** | **প্রশাসনিক ভবন- কক্ষ নং- ১০৬** |

Mozi 19.02.26

(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)
আইডি নম্বর: ০০৮৫২৮
অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ,চট্টগ্রাম।